

তারিখ: 08/08/2017

সভরেন গোল্ড বন্ড- ডিম্যাটেরিয়ালাইজেশন

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ভারত সরকারের সাথে আলোচনার পর, সভরেন গোল্ড বন্ডের নয়টি দফা এখনও পর্যন্ত জারি করেছে যার সর্বমোট মূল্য ₹ 6030 কোটি। এইসকল বন্ডের লগ্নিকারীগণদের সুযোগ দেওয়া হয়েছিল এগুলিকে ফিজিকাল রূপে রাখার অথবা ডিম্যাটেরিয়ালাইজড রূপে রাখার।

ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য করা অনুরোধগুলির বেশিরভাগের উপর পরবর্তী প্রক্রিয়া সম্পাদন সফলভাবে হয়েছে। যদিও বিভিন্ন কারণবশতঃ যেমন নাম-প্যাননাম্বারে গরমিল, নিষ্ক্রিয় অথবা বন্ধ ডিম্যাট অ্যাকাউন্ট, এর পাশাপাশি অন্যান্য কারণের জন্য খতিয়ানের একটি গুচ্ছের(সেট) উপর প্রক্রিয়া সম্পাদন সম্ভব হয়নি। [এরকম অসফল ডিম্যাট অনুরোধের একটি তালিকা](https://sovereigngoldbonds.rbi.org.in) এখন <https://sovereigngoldbonds.rbi.org.in>-তে রাখা হয়েছে। উক্ত স্থানে দফা অনুযায়ী তথ্য রক্ষিত আছে এবং যার মধ্যে অন্তর্ভুক্ত আছে গ্রহণকারী কার্যালয়ের নাম, লগ্নিকারীর পরিচয়জ্ঞাপক চিহ্নসমূহ এবং বন্ডের ডিম্যাটেরিয়ালাইজেশন না হওয়ার কারণ। লগ্নিকারীগণ তাঁদের লগ্নিকারী পরিচয় চিহ্ন এই তালিকায় আছে কিনা সেব্যাপারে নিশ্চিত হতে এই ডেটা নিজ নাগালে আনতে পারেন। সকল গ্রহণকারী কার্যালয়গুলিকেও তাঁদের গ্রাহকগণের জন্য এই তথ্য নাগালের মধ্যে আনতে হবে এবং তাঁদের পরিষেবা গ্রাহকদের সাথে আলোচনা করে যথাযথ সংশোধন করতে হবে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ই-কুন্সার প্রয়োগব্যবস্থার প্রয়োজনীয় সুবিধাগুলি এই উদ্দেশ্যে লভ্য রাখা হয়েছে।

এর সাথে জানানো হচ্ছে যে মূলতুবি স্থিতি থাকা সত্ত্বেও সভরেন গোল্ড বন্ড ধারাবাহিকভাবে আরবিআই-এর খাতায় থাকবে এবং নিয়মিতভাবে সংশ্লিষ্ট পরিষেবা প্রাপ্ত হবে।

অনুরাধা ডি. জাদব
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি: 2017-2018/390